# লাকসাম পৌরসভা কার্যালয়

## কুমিল্লা।

Office Phone : +880312334407365. Web: laksampourashava.gov.bd/, Email: mayorlaksammunicipality@gmail.com

স্মারক নং-লাঃ পৌঃ/প্রশাঃ/২০২৬/২২ তারিখ : ০১/০২/২০২৬খ্রি.

**ইজারা বিজ্ঞপ্তি নং- ০১/২০২৬খ্রিঃ**

**হাট-বাজার, জবাইখানা, সিএনজি ও পিকআপ ষ্ট্যান্ড এবং পাবলিক টয়লেট সমূহ ইজারা বিজ্ঞপ্তিঃ**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়ের ০৬ অক্টোবর, ২০২৫ খ্রি: (২১ আশ্বিন, ১৪৩২ বঙ্গাব্দ) হাট-বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ প্রজ্ঞাপন অনুসারে লাকসাম পৌরসভার নিম্নবর্ণিত হাট-বাজার, জবাইখানা, সিএনজি, পিকআপ ষ্ট্যান্ড, পাবলিক টয়লেট সমূহ সরকার কর্তৃক নির্ধারিত টোল আদায়ের লক্ষ্যে ১৪৩৩ বাংলা সনের (১লা বৈশাখ হইতে চৈত্র মাসের শেষ দিন পর্যন্ত) এক বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ইজারা/ বন্দোবস্ত প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যাক্তি বা প্রতিষ্ঠান সমূহের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। ইজারা শর্তাবলী দরপত্র সিডিউল সমূহ নিম্নলিখিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময় পর্যন্ত। ১. লাকসাম পৌরসভা কার্যালয়, ২. জেলা প্রশাসক কুমিল্লা এর স্থানীয় সরকার শাখায়, ৩. পুলিশ সুপার, কুমিল্লা এর কার্যালয়, ৪. উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম এর কার্যালয়, ৫. সহকারী কমিশনার (ভূমি), লাকসাম এর কার্যালয়,৬. সোনালী ব্যাংক লাকসাম, দৌলতগঞ্জ শাখা হতে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) ক্রয় করা যাইবে। দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হইবে। উক্ত টাকা হইতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। দরপত্রদাতা অবহিত হইবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের সাথে দাখিলকৃত জামানতের ২০% অর্থ সমন্বয় করত: ইজারার অবশিষ্ট ৮০% অর্থ এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করিবেন। অন্যথায় তাহার দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে ও জামানত বাজেয়াপ্ত হইবে।

দরপত্র সমূহ নিম্নলিখিত তারিখ অনুযায়ী বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত লাকসাম পৌরসভা কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম এর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), লাকসাম এর কার্যালয় এবং জেলা প্রশাসক কুমিল্লা এর স্থানীয় সরকার শাখায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দেওয়া যাবে। একই দিন বেলা ৩:০০ ঘটিকার সময় প্রাপ্ত সকল দরপত্র একত্রিত করে লাকসাম পৌরসভা কার্যালয়ে উপস্থিত দরপত্র দাতাগনের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্রের সিডিউল বিক্রয় বা জমা গ্রহণ করা হবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করণ অথবা এতদ্সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত গ্রহণের সম্পূর্ণ ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**হাট-বাজার, জবাইখানা, সিএনজি ও পিকআপ ষ্ট্যান্ড এবং পাবলিক টয়লেট সমূহের বিবরণ/তফশীল ঃ**

| ক্রমিক নং | হাট-বাজার, জবাইখানা, সমূহের নাম | চৌহদ্দি বা সীমানা | দাগ নং | খতিয়ান নং ও ডিপি নং | গত তিন বছরের গড় মূল্যসহ সম্ভাব্য মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | দৌলতগঞ্জ গো-বাজার | উত্তরে ১নং হাসিল ঘর, দক্ষিণে ভূমি অফিস, পূর্বে বাইপাস সড়ক ও পশ্চিমে পৌরসভার রাস্তা। | সাবেক ৬২৯, ৬৩১ ও ৬৩২ হাল ১০৭৬ | খঃ নং ১৩০১ ডিপি নং ০১ | ৫,৮৫,০০০/- | ১৮০০/- |
| ০২ | দৌলতগঞ্জ মাছ-বাজার | বর্তমানে স্থানান্তরিত স্থান হকার্স মার্কেটের (দক্ষিনে কলেজ রোড, উত্তরে তরকারীর খুচরা বাজার, পূর্বে নোয়াখালী রেললাইন, পশ্চিমে ব্যাংক রোড।) | সাবেক ৪৭৭ হাল ২০৫৮ | খঃ নং ১৯০১ ডিপি নং ০১ | ১৯,৬৫,২৪৪/- | ৪৬০০/- |
| ০৩ | ভৈষকপালিয়াস্থ পৌর কাঁচা মালের আড়ত | দক্ষিণে পুরাতন সড়ক, উত্তরে পৌর বিল বোর্ড, মুদাফফরগঞ্জ সড়কের মোড়, মুদাফফরগঞ্জ সড়কের পশ্চিমপাশ, নবনির্মিত সেড সমূহ (পৌর পানির ট্যাংকির পশ্চিমপাশে) এছাড়া দৌঃ বাজারের কাঁচামালের আড়ত সমূহ | - | - | ২৬,৮৪,২৭৪/- | ৬০০০/- |
| ০৪ | পুরাতন দৈনিক বাজার এবং বাঁশ ও মুলি বাজার। | পুরাতন দৈনিক বাজার সম্পূর্ণ অংশ, শাহরিয়ার ক্লথ ষ্টোর হইতে দক্ষিনে ক্যাপে নূর হোটেল পর্যন্ত (ব্যাংক রোড) ও পানের আড়ৎসমূহ (বর্তমানে চাঁন সুপার মার্কেট) এবং বাঁশ ও মুলি বাজারের চৌহদ্দি- দক্ষিন বাইপাস চিলনিয়া ব্রীজ সংলগ্ন সম্পূর্ণ অংশ। (ফুটপাত ব্যতিত) | - | - | ৪,০৯,৮৬৭/- | ১,৪০০/- |
| ০৫ | দৌলতগঞ্জ ধান বাজার, চামড়া বাজার, ও রাজঘাট বাজার। | লালমাই-সোনাইমুড়ী রাস্তা হইতে পশ্চিমে প্রদীপ বাবুর দোকান পর্যন্ত ধান বাজার। (দৌলতগঞ্জ বাজারের যে কোন স্থানে ধান ক্রয়-বিক্রয় হইলে ইজারাদার টোল আদায় করিতে পারিবেন) উত্তরে বিনদ বাবুর বাড়ী, দক্ষিণে মনোহরী পট্টি, পূর্বে ধান বাজার, পশ্চিমে রাজঘাট ব্রীজ পর্যন্ত চামড়া বাজার। (দৌলতগঞ্জ বাজারের যে কোন স্থানে চামড়া ক্রয়-বিক্রয় হইলে ইজারাদার টোল আদায় করিতে পারিবেন)। প্রদীপ বাবুর দোকান হইতে পশ্চিমে রাজঘাট বাজার সম্পূর্ণ অংশ। রাজঘাট বাজার। (ফুটপাত ব্যতিত) | - | - | ২,২৯,৬৭১/- | ১,২০০/- |
| ০৬ | দৈনিক হকার্স মার্কেট | দক্ষিনে মাছ বাজার, উত্তরে পৌর পাবলিক টয়লেট, পশ্চিমে ব্যাংক রোড, পূর্বে নোয়াখালী রেললাইনের পূর্বপাশ। | - | - | ২৪,৬৭,৯৩৯/- | ৫,৬০০/- |
| ০৭ | পূর্ব লাকসামস্থিত আধুনিক জবাইখানা। | সম্পূর্ণ অংশ। | - | - | ৩,১৫,৫০০/- | ১,২০০/- |

## সিএনজি স্ট্যান্ড

| ক্রমিক নং | বাস ও সিএনজি স্ট্যান্ডের নাম | চৌহদ্দি বা সীমানা | দাগ নং | খতিয়ান নং ও ডিপি নং | গত তিন বছরের গড় মূল্যসহ সম্ভাব্য মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ০৮ | উত্তর লাকসাম (চাঁদপুর রেলগেইট সংলগ্ন) সিএনজি স্ট্যান্ড | উত্তর লাকসাম চাঁদপুর রেলগেইটের দক্ষিন পার্শ্বে সদর রোডের পশ্চিম পার্শ্বে। | | | ৩,২০,০০০/- | ১,২০০/- |
| ০৯ | বাইপাস সিএনজি স্ট্যান্ড | বাঙ্গড্ডা, বাংলা বাজার, চৌদ্দগ্রাম ও যুক্তিখোলাগামী সিএনজিসমূহ ফায়ার সার্ভিস অফিসের পূর্ব পার্শ্বে, নাঙ্গলকোট-বিপুলাসার ও নাথেরপেটুয়াগামী সিএনজিসমূহ পূর্ব লাকসামস্থিত জোড় পুলের সামনের অংশ। কুমিল্লা গামী সিএনজিসমূহ হাউজিং এষ্টেট মসজিদের সামনের অংশ। | - | - | ১২,১৮,৮৯৪/- | ৩,২০০/- |
| ১০ | দক্ষিণ লাকসাম সিএনজি স্ট্যান্ড | দক্ষিণ লাকসাম পুরাতন বাস স্ট্যান্ড। | - | - | ৪,০৭,৬৪১/- | ১,৬০০/- |
| ১১ | শ্রীয়াং গামী (পূর্বের কবুতর বাজার) সিএনজি স্ট্যান্ড | দৌলতগঞ্জ রেলস্টেশনের দক্ষিন অংশে কলেজ রোডের উত্তর পাশ। | - | - | ১,২০,০০০/- | ১০০০/- |
| ১২ | পিকআপ স্ট্যান্ড | কলেজ রোডের দক্ষিন পাশে খাদ্য গুদাম সংলগ্ন স্থান। | - | - | ৩,১৬,৫৮৭/- | ১,৪০০/- |
| ১৩ | রাজঘাট সিএনজি, বেবী ও টেম্পু স্ট্যান্ড | মুদাফ্ফরগঞ্জ, বিজরা, বরুড়াগামী হোসেন মিয়ার মিল সংলগ্ন, সালেপুর গামী শহিদ মিয়ার দোকানের সামনে। | - | - | ১,১০,০০০/- | ১০০০/- |
| ১৪ | এতিমখানা রোড সংলগ্ন সিএনজি বেবী, টেম্পু, স্ট্যান্ড | চট্টগ্রাম রেলগেইটের পূর্ব পার্শ্বে বাইপাস রোড পর্যন্ত। | - | - | ৩০,৫০০/- | ৫০০/- |

## পাবলিক টয়লেট

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৫ | পাবলিক টয়লেট | গরু বাজার সংলগ্ন। | - | - | ২,০৫,০০০/- | ১,২০০/- |
| ১৬ | পাবলিক টয়লেট | কাঁচা বাজারের উত্তর পার্শ্বে। | - | - | ২,৫৫,০০০/- | ১,২০০/- |

## দরপত্র সিডিউল বিক্রি ও দাখিলের সময় সূচী ঃ

| দফা নং | সিডিউল বিক্রির তারিখ ও সময় | সিডিউল দাখিলের তারিখ ও সময় |
|---|---|---|
| ১ম বার | ২২/০২/২০২৬খ্রিঃ, রবিবার, বিকাল ৫:০০ টা পর্যন্ত | ২৩/০২/২০২৬খ্রিঃ, সোমবার, বেলা ১:০০ টা পর্যন্ত |
| ২য় বার | ১০/০৩/২০২৬খ্রিঃ, মঙ্গলবার, বিকাল ৫:০০ টা পর্যন্ত | ১১/০৩/২০২৬খ্রিঃ, বুধবার, বেলা ১:০০ টা পর্যন্ত |
| ৩য় বার | ২৯/০৩/২০২৬খ্রিঃ, রবিবার, বিকাল ৫:০০ টা পর্যন্ত | ৩০/০৩/২০২৬খ্রিঃ, সোমবার, বেলা ১:০০ টা পর্যন্ত |

০১.০২.২৬

নার্গিস সুলতানা
প্রশাসক
লাকসাম পৌরসভা
কুমিল্লা।

স্মারক নং- লাঃ পৌঃ/২০২৬/ **২২/১ (২২)** তারিখ: ০১/০২/২০২৬ইং

**সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. জেলা প্রশাসক, কুমিল্লা।
৪. পুলিশ সুপার, কুমিল্লা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, কুমিল্লা।
৬. উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
৭. সহকারী কমিশনার (ভূমি), লাকসাম, কুমিল্লা।
৮. অফিসার ইনচার্জ, লাকসাম থানা, লাকসাম, কুমিল্লা।
৯. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, লাকসাম শাখা।
১০. সভাপতি/সেক্রেটারী, লাকসাম বণিক সমিতি, লাকসাম, কুমিল্লা।
১১. -১৬ সদস্য (সকল) প্রশাসকের কর্মসম্পাদনে সহায়ক কমিটি, লাকসাম পৌরসভা।
১৭. নির্বাহী প্রকৌশলী, লাকসাম পৌরসভা।
১৮. পৌর নির্বাহী কর্মকর্তা, লাকসাম পৌরসভা।
১৯. হিসাব রক্ষণ কর্মকর্তা, লাকসাম পৌরসভা।
২০. উপ-সহকারী ভূমি কর্মকর্তা, দৌলতগঞ্জ তহসীল অফিস, লাকসাম, কুমিল্লা।
২১. সম্পাদক........................................ জাতীয় পত্রিকা ও স্থানীয় পত্রিকায় আগমী সংখ্যায় উক্ত বিজ্ঞপ্তি খানা (৩কলাম ৬ইঞ্চি) সাইজে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন অনুরোধ করা হইল।
২২. অফিস নোটিশ বোর্ড/অফিস নথি।

০১.০২.২৬

প্রশাসক
লাকসাম পৌরসভা
কুমিল্লা।